## দৈনিক বর্তমান



### প্রধান উপদেষ্টার সঙ্গে ঢাবি উপাচার্যের সাক্ষাৎ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান মঙ্গলবার সন্ধ্যায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস-এর সঙ্গে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে উপাচার্য এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

### প্রধান উপদেষ্টার সঙ্গে

বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি, শিক্ষা ও গবেষণা কার্যক্রম, বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, শিক্ষক-শিক্ষার্থীদের দ্বন্দ্ব নিরসন ও আন্তঃসম্পর্ক উন্নয়ন এবং শিক্ষার্থীদের কল্যাণে সাম্প্রতিক সময়ে গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে প্রধান উপদেষ্টাকে অবহিত করেন। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নসহ সার্বিক পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করেন। এসময় তিনি ঢাকা

## প্রথম আলো

### প্রধান উপদেষ্টার সঙ্গে ঢাবি উপাচার্যের সাক্ষাৎ

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় তিনি প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি, শিক্ষা ও গবেষণা কার্যক্রম, বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, শিক্ষক-শিক্ষার্থীদের দ্বন্দ্ব নিরসন ও আন্তসম্পর্ক উন্নয়ন এবং শিক্ষার্থীদের কল্যাণে সাম্প্রতিক সময়ে নেওয়া বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে প্রধান উপদেষ্টাকে অবহিত করেন। প্রধান উপদেষ্টা এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নে সম্ভাব্য সব সহযোগিতার আশ্বাস দেন।

**প্রতিবেদক,** *ঢাকা বিশ্ববিদ্যালয়*

## প্রথম আলো



অতিথিদের সঙ্গে অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পাওয়া শিক্ষার্থীরা। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোজাফফর আহমদ চৌধুরী মিলনায়তনে। সাজিদ হোসেন

# সাহসের সঙ্গে সাংবাদিকতার কাজ করে যেতে হবে

### পুরস্কার বিতরণ অনুষ্ঠান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রয়াত অধ্যাপক সিতারা পারভীনের নামে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে *প্রথম আলো* সম্পাদক এ কথা বলেন।

**বিশেষ প্রতিবেদক**, *ঢাকা*

*প্রথম আলো* সম্পাদক মতিউর রহমান বলেছেন, রাষ্ট্রীয় শাসনব্যবস্থায় অনেক সংস্কারের কাজ করতে হবে। আর রাষ্ট্রীয় বিষয়ে সফল হতে হলে সমাজের সর্বত্র উন্মুক্ত গণতান্ত্রিক পরিবেশ ও স্বাধীন মতপ্রকাশের পরিবেশ থাকা দরকার। সব গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় বিষয়ে আরও খোলামেলা আলোচনা হতে হবে। স্বাধীন ও দলনিরপেক্ষ অবস্থান থেকে সাহসের সঙ্গে সাংবাদিকতার কাজ করে যেতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রয়াত অধ্যাপক সিতারা পারভীনের নামে চালু করা পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অতিথি বক্তা হিসেবে *প্রথম আলো* সম্পাদক এ কথাগুলো বলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের অধ্যাপক মোজাফফর আহমদ চৌধুরী মিলনায়তনে গতকাল মঙ্গলবার এই অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের বিএসএস (সম্মান) পরীক্ষায় প্রথম থেকে দশম স্থান অর্জনকারী ১০ জন কৃতী শিক্ষার্থীকে পুরস্কার হিসেবে সনদ ও অর্থ তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান। এ সময় তিনি অধ্যাপক সিতারা পারভীনকে স্মরণ করে বলেন, 'আমাদের চূড়ান্ত গন্তব্য মাটির নিচে। কিন্তু মাটির ওপরে কতটুকু রেখে গেলাম, মাটির নিচে চলে যাওয়ার পর কতজন মানুষ আমাদের স্মরণ করছেন, সেটি যেকোনো ব্যক্তির জীবনে বড় পাওয়া।' মতপ্রকাশের স্বাধীনতা, গণতন্ত্র নিয়ে *প্রথম আলো* সম্পাদকের বক্তব্যের প্রসঙ্গ টেনে উপাচার্য বলেন, মতপ্রকাশের স্বাধীনতা ও গণতন্ত্র মানুষের দীর্ঘ আকাঙ্ক্ষা।

> **বিগত স্বৈরতান্ত্রিক সরকারের আমলে সাংবাদিকতা, সংবাদপত্র বা প্রচারমাধ্যম নিয়ে যা চলছিল, সেটা কোনোভাবেই গ্রহণযোগ্য ছিল না।**
>
> মতিউর রহমান, সম্পাদক, *প্রথম আলো*

**'সাংবাদিকতাই প্রথম আলোর একমাত্র কাজ'**

ঢাকা কলেজের ছাত্র হিসেবে ১৯৬২ সালের ১ ফেব্রুয়ারি আইয়ুববিরোধী ছাত্র আন্দোলনে যোগদান থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত মতপ্রকাশের স্বাধীনতা ও সাংবাদিকতা নিয়ে নিজের অভিজ্ঞতা তুলে ধরে বক্তব্য দেন *প্রথম আলো* সম্পাদক। ৬২ বছরের নানা ঘটনা ও প্রেক্ষাপট তুলে ধরে তিনি বলেন, 'বিগত স্বৈরতান্ত্রিক সরকারের আমলে সাংবাদিকতা, সংবাদপত্র বা প্রচারমাধ্যম নিয়ে যা চলছিল, সেটা কোনোভাবেই গ্রহণযোগ্য ছিল না। সে রকম ব্যবস্থা আর চলতে পারে না। সে জন্য বারবার মনে পড়ে যায়, সেই ১৯৬২ সালের ১ ফেব্রুয়ারি ছাত্র ধর্মঘট আর মিছিলের কথা। সেদিন আমাদের স্লোগান ছিল—কথা বলার অধিকার চাই, সংবাদপত্রের স্বাধীনতা চাই, গণতন্ত্র চাই, নির্বাচন চাই।' তিনি বলেন, এখনো সেই দাবিই করতে হচ্ছে।

বিভিন্ন সরকারের সময়ে *প্রথম আলোর* ওপর নানা রকমের চাপ, ভয়ভীতি, বিজ্ঞাপন বন্ধ করে দেওয়া, মামলা ও বাধার কথা উল্লেখ করেন *প্রথম আলো* সম্পাদক মতিউর রহমান। তিনি বলেন, বিভিন্ন সময়ে *প্রথম আলোর* বিরুদ্ধে উদ্দেশ্যমূলকভাবে নানা অপপ্রচার চালানো হয়েছে। তা এখনো বন্ধ হয়নি। কিন্তু *প্রথম আলোর* বিরুদ্ধে করা অভিযোগের কোনো সত্যতা বা ভিত্তি নেই। আগেও ছিল না, এখনো নেই, ভবিষ্যতেও থাকবে না। সাংবাদিকতাই *প্রথম আলোর* একমাত্র কাজ।

২০০০ সালে তৎকালীন আওয়ামী লীগ সরকার ও পরে বিএনপি সরকারের আমলে *প্রথম আলোতে* সরকারি বিজ্ঞাপন বন্ধ করে দেওয়া, সেনা-সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে গোয়েন্দা সংস্থার সমর্থনে একটি গোষ্ঠী *প্রথম আলো* পত্রিকা বিক্রিতে বাধা, *প্রথম আলো* বন্ধ ও সম্পাদককে গ্রেপ্তার করার নানা রকম চেষ্টার কথা উল্লেখ করে মতিউর রহমান বলেন, সর্বশেষ আওয়ামী লীগ সরকারের দেড় দশকে *প্রথম আলোর* বিরুদ্ধে মামলার সংখ্যা দাঁড়িয়েছিল এক শর ওপরে। এখন ২৫টি মামলা কার্যকর রয়েছে। ২০১৫ সালে প্রায় ৫০টি দেশি ও বহুজাতিক কোম্পানিকে মৌখিক নির্দেশ দিয়ে *প্রথম আলোতে* বিজ্ঞাপন দেওয়া বন্ধ করতে বাধ্য করা হয়। এর আগে সরকারি বিজ্ঞাপন বন্ধ করা হয়।

*প্রথম আলো* সম্পাদক বলেন, *প্রথম আলোর* বিরুদ্ধে আওয়ামী লীগ সরকার এতটাই বিদ্বেষপূর্ণ হয়ে উঠেছিল যে স্বয়ং তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদে বলেছেন, '*প্রথম আলো* আওয়ামী লীগের শত্রু, *প্রথম আলো* গণতন্ত্রের শত্রু, *প্রথম আলো* দেশের মানুষের শত্রু।'

**'মানুষ আশাবাদী হতে চায়'**

*প্রথম আলো* সম্পাদক বলেন, জুলাই-অভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরতান্ত্রিক সরকারের পতন হয়েছে। ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকারের কথা ও কাজগুলো ফলপ্রসূ হোক, সেটা মানুষ দেখতে চায়, মানুষ আশাবাদী হতে চায়। এখন অতীতের যেকোনো সময়ের চেয়ে বেশি করে মত ও সংবাদ প্রকাশের স্বাধীনতা প্রয়োজন। এ বিষয়ে অন্তর্বর্তী সরকারের প্রধান বা উপদেষ্টারা সজাগ আছেন বলে তিনি মনে করেন।

*প্রথম আলো* সম্পাদক বলেন, 'আমরা দেখছি, কিছু ব্যক্তি বা গোষ্ঠী সাংবাদিকতা ও সংবাদপত্রের বিরুদ্ধে মিথ্যা ও উদ্দেশ্যপূর্ণ প্রচারণা চালাচ্ছেন। সংবাদপত্রের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছেন। এই সবকিছুই দেশের স্বাধীন সংবাদপত্রের কাজে ও গণতন্ত্রের ক্ষেত্রে বড় বাধা।...এতে সমাজ বা রাষ্ট্রের ক্ষতি ছাড়া ভালো কিছুর সম্ভাবনা নেই।'

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারপারসন ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসিরের সভাপতিত্বে অনুষ্ঠানে অধ্যাপক সিতারা পারভীন ট্রাস্টের পক্ষে অধ্যাপক আহাদুজ্জামান মোহাম্মদ আলী ও পুরস্কার পাওয়া শিক্ষার্থীদের একজন ফারাহ জাহান বক্তব্য দেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক সাইফুল হক এবং অধ্যাপক সিতারা পারভীনের সংক্ষিপ্ত জীবনী পাঠ করেন শিক্ষক আমিনা খাতুন।

এবার অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেয়েছেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী ফারাহ জাহান, উসামা রাফিদ, তাহসীন নওয়ার, মো. রাফিজ খান, হোসাইন আজমল, মেহেদী হাসান, মো. তানজীর হোসাইন, নিগার সুলতানা, মেহনাজ লামিসা রহমান ও নাহিদা সুলতানা।

# ভোরের কাগজ

## অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ঢাবির ১০ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২২ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০ জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল মঙ্গলবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের হাতে এই পুরস্কার তুলে দেন। বিজ্ঞপ্তি

সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসিরের সভাপতিত্বে অনুষ্ঠানে দৈনিক প্রথম আলোর সম্পাদক মতিউর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলী ধন্যবাদ জানান। সহযোগী অধ্যাপক ড. সাইফুল হক অনুষ্ঠান সঞ্চালন করেন। বিজ্ঞপ্তি

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রয়াত অধ্যাপক ড. সিতারা পারভীনের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, অধ্যাপক ড. সিতারা পারভীন ছিলেন একজন সৎ, আদর্শবান ও নিষ্ঠাবান শিক্ষক ও গবেষক। এই ধরনের বৃত্তি ও পুরস্কার প্রদানকে শুধু পুরস্কার হিসেবে না দেখে শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি হিসেবে মূল্যায়ন করতে হবে। পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- ফারাহ জামান সূচি, উসামা রাফিদ, তাহসীন নওয়ার, মো. রাফিজ খান, হোসাইন আজমল, মেহেদী হাসান, মো. তানজীর হোসাইন, নিগার সুলতানা, মেহনাজ লামিসা রহমান এবং নাহিদা সুলতানা সায়মা।



'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার'প্রাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১০ জন মেধাবী শিক্ষার্থী অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে ফটোসেশনে অংশ নেন। বিজ্ঞপ্তি

# ভোরের ডাক



## অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ঢাবির ১০ মেধাবী শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২২ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ড. নিয়াজ আহমদ খান আজ গতকাল মঙ্গলবার অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মেধাবী শিক্ষার্থীদের হাতে এই পুরস্কার তুলে দেন। ছবিতে অতিথিদের সঙ্গে পুরস্কারপ্রাপ্তদের দেখা যাচ্ছে।

# The Business Standard



VC Prof Dr Niaz Ahmed Khan, along with Prof Rasheda Irshad Nasir, acting chairperson Mass Communication and Journalism department; Matiur Rahman, editor of Daily Prothom Alo; and Dr Ahaduzzaman Mohammad Ali pose for a photo with the award recipients at the "Professor Sitara Parveen Award" ceremony held at the Professor Muzaffar Ahmed Chowdhury Auditorium. PHOTO: COURTESY

## 10 DU journalism students get 'Sitara Parveen Award' for outstanding results

AWARDS - DHAKA

**TBS REPORT**

Ten meritorious students of Mass Communication and Journalism of Dhaka University have received "Professor Sitara Parveen Award" for their outstanding academic results in the BSS (Hons) final examination held in 2022.

Vice-Chancellor of the university Prof Dr Niaz Ahmed Khan, yesterday distributed the scholarships among the awardees during a ceremony held at the Professor Muzaffar Ahmed Chowdhury Auditorium.

The award recipients are Farah Zaman Suchi, Usama Rafid, Tahsin Nawar, Md Rafiz Khan, Hossain Ajmal, Mehedi Hasan, Md Tanzir Hossain, Nigar Sultana, Mehnaz Lamisa Rahman and Nahida Sultana Saima.

# নয়া দিগন্ত

## অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ঢাবির ১০ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২২ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০ মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' লাভ করেছেন। ঢাবি ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান মঙ্গলবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মেধাবী শিক্ষার্থীদের হাতে এই পুরস্কার তুলে দেন।

সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারপারসন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসিরের সভাপতিত্বে ■ ৪র্থ পৃ: ৪-এর কলামে



ঢাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের মেধাবী শিক্ষার্থীদের সাথে ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

## অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ঢাবির

৩য় পৃষ্ঠার পর

অনুষ্ঠানে প্রথম আলোর সম্পাদক মতিউর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলী ধন্যবাদ জ্ঞাপন করেন। সহযোগী অধ্যাপক ড. সাইফুল হক অনুষ্ঠান সঞ্চালন করেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, অধ্যাপক ড. সিতারা পারভীন ছিলেন একজন সৎ, আদর্শবান ও নিষ্ঠাবান শিক্ষক ও গবেষক। এই ধরনের বৃত্তি ও পুরস্কার প্রদানকে শুধু পুরস্কার হিসেবে না দেখে শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি হিসেবে মূল্যায়ন করতে হবে। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের দেশ ও জাতির প্রতি দায়বদ্ধতা অনেক বেশি। নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলে নতুন বাংলাদেশ বিনির্মাণে কাজ করার জন্য শিক্ষার্থীদের প্রতি উপাচার্য আহ্বান জানান।

পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন– ফারাহ জামান সূচি, উসামা রাফিদ, তাহসীন নওয়ার, মো: রাফিজ খান, হোসাইন আজমল, মেহেদী হাসান, মো: তানজীর হোসাইন, নিগার সুলতানা, মেহনাজ লামিসা রহমান ও নাহিদা সুলতানা সায়মা।

প্রসঙ্গত, সাবেক রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহমদের মেয়ে এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলীর স্ত্রী অধ্যাপক ড. সিতারা পারভীন ২০০৫ সালের ২৩ জুন যুক্তরাষ্ট্রে সড়ক দুর্ঘটনায় নিহত হন। বিজ্ঞপ্তি

# দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২২ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ড. নিয়াজ আহমদ খান মঙ্গলবার অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মেধাবী শিক্ষার্থীদের হাতে এই পুরস্কার তুলে দেন। ছবিতে অতিথিদের সঙ্গে পুরস্কারপ্রাপ্তরা -বর্তমান

# ইনকিলাব



ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২২ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০ জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. ড. নিয়াজ আহমদ খান গতকাল মঙ্গলবার অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মেধাবী শিক্ষার্থীদের হাতে এ পুরস্কার তুলে দেন। —প্রেস বিজ্ঞপ্তি

# The Country Today



**A total of 10 meritorious students of the Department of Mass Communication and Journalism of Dhaka University have been given 'Prof. Sitara Parvin Award' for their outstanding results in BSS (Hons.) Final Examination of 2022. DU Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan distributed the award among the recipients as chief guest at a function held on Tuesday at Prof. Muzaffar Ahmed Chowdhury Auditorium of the university. Awardees are seen with the guests. Photo : Courtesy**

## DU 10 students get 'Prof. Sitara Parvin Award'

A total of 10 meritorious students of the Department of Mass Communication and Journalism of Dhaka University (DU) have been given 'Prof. Sitara Parvin Award' for their outstanding results in BSS (Hons.) final examination of 2022. DU Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan distributed the award among the recipients as chief guest at a function held yesterday at Prof. Muzaffar Ahmed Chowdhury Auditorium of the university, reports BSS.

Dean of the Faculty of Social Sciences and Acting Chairperson of the Department of Mass Communication and Journalism Prof. Rasheda Irshad Nasir presided over the function, while Prothom Alo Editor Matiur Rahman addressed it as special guest, Prof. Dr. Ahaduzzaman Mohammad Ali gave vote of thanks. Associate Professor Dr. Saiful Hoque conducted the program.

DU Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan paid glowing tribute to the memory of Prof. Dr. Sitara Parvin and said, she was an honest and sincere teacher and researcher of the university. Such type of scholarship is not only an award for the students but also an acknowledgement of their merits. He called upon the students to play a pivotal role in building new Bangladesh by making themselves as worthy citizen.

The recipients of Prof. Sitara Parvin Award are- Farah Zaman Shuchy, Usama Rafid, Tahseen Nower, Md. Rafij Khan, Hossain Azmal, Mahedi Hasan, Md. Tanjir Hossain, Nigar Sultana, Mehnaz Lameesha Rahman and Nahida Sultana Sayma.

It may be mentioned that Prof. Dr. Sitara Parvin, daughter of former President Justice Shahabuddin Ahmed and wife of retired Prof. Dr. Ahaduzzaman Mohammad Ali of DU Mass Communication and Journalism Department died in a tragic road accident on June 23, 2005 in USA.

# The Dhaka Tribune



A total of 10 meritorious students of the Department of Mass Communication and Journalism of Dhaka University (DU) have been given 'Prof. Sitara Parvin Award' for their outstanding results in BSS (Hons.) final examination of 2022. DU Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan distributed the award among the recipients as chief guest at a function yesterday at Prof. Muzaffar Ahmed Chowdhury Auditorium of the university

# দৈনিক আমাদের বার্তা



## শিক্ষার্থীদের যোগ্য নাগরিক হয়ে নতুন দেশ বিনির্মাণে কাজ করার আহ্বান

■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেছেন, শিক্ষার্থীদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলে নতুন বাংলাদেশ বিনির্মাণে কাজ করতে হবে।

অধ্যাপক ড. নিয়াজ গতকাল মঙ্গলবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মেধাবী শিক্ষার্থীদের হাতে 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' পুরস্কার তুলে দিয়ে এসব কথা বলেন।

তিনি বলেন, অধ্যাপক ড. সিতারা পারভীন ছিলেন একজন সৎ, আদর্শবান ও নিষ্ঠাবান শিক্ষক ও গবেষক। এই ধরনের বৃত্তি ও পুরস্কার প্রদানকে শুধু পুরস্কার হিসেবে না দেখে শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি হিসেবে মূল্যায়ন করতে হবে।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের দেশ ও জাতির প্রতি দায়বদ্ধতা অনেক বেশি। নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলে নতুন বাংলাদেশ বিনির্মাণে কাজ করার জন্য শিক্ষার্থীদের প্রতি উপাচার্য আহ্বান জানান।

বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২২ খ্রিষ্টাব্দের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০ জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' লাভ করেন। সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন অধ্যাপক রাশেদা ইরশাদ নাসির অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- ফারাহ জামান সূচি, উসামা রাফিদ, তাহসীন নওয়ার, মো. রাফিজ খান, হোসাইন আজমল, মেহেদী হাসান, মো. তানজীর হোসাইন, নিগার সুলতানা, মেহনাজ লামিসা রহমান এবং নাহিদা সুলতানা সায়মা।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১৯ অগ্রহায়ণ ১৪৩১

# DU in Media

04 December 2024

## The Bangladesh Post

# 10 DU students rece
# 'Prof Sitara Parvin Aw

Education Desk

Ten outstanding students from the Department of Mass Communication



and Journalism at Dhaka University (DU) have been awarded the 'Prof. Sitara Parvin Award' for their excellent results in the BSS (Hons.) final examination of 2022.

DU Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan distributed the awards at a ceremony held yesterday, December 3, 2024, at the Prof. Muzaffar Ahmed Chowdhury Auditorium. The event was attended by several distinguished guests, including Prothom Alo Editor Matiur Rahman as the special guest.

Dean of the Faculty of Social Sciences and Acting Chairperson of the Department of Mass Communication and Journalism, Prof. Rasheda Irshad Nasir, presided over the event. Prof. Dr. Ahaduzzaman Mohammad Ali delivered the vote of thanks, and Associate Professor Dr. Saiful Hoque conducted the program.

Speaking at the event, Prof. Dr. Niaz Ahmed Khan honored the memory of Prof. Dr. Sitara Parvin, describing her as an honest and
researcher.
scholarship
of the studen
an inspiratio
He urged th
to building
becoming re

The awar
Zaman Sh
Tahseen No
Hossain Azn
Tanjir Hos
Mehnaz La
Nahida Sulta

Prof. Dr. S
memory the a
daughter of f
Shahabuddin
retired Prof
Mohammad A
a tragic road
2005, in the U

This awar
by encouragin
among studer

## দৈনিক বাংলা

# সিতারা পারভীন পুরস্কার পেলেন ১০ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক

এবার ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১০ শিক্ষার্থী পেলেন 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার'। ২০২২ সালের স্নাতক পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায় তাদের এ পুরস্কার দেওয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন।

পুরস্কারপ্রাপ্তরা হলেন- ফারাহ জামান সূচি, উসামা রাফিদ, তাহসীন নওয়ার, মো. রাফিজ খান, হোসাইন আজমল, মেহেদী হাসান, মো. তানজীর হোসাইন, নিগার সুলতানা, মেহনাজ লামিসা রহমান এবং নাহিদা সুলতানা সায়মা।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক সিতারা পারভীন ২০০৫ সালের ২৩ জুন যুক্তরাষ্ট্রে সড়ক দুর্ঘটনায় নিহত হন। তিনি সাবেক রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদের মেয়ে। তার স্বামী আহাদুজ্জামান মোহাম্মদ আলীও একই বিভাগের অধ্যাপক।

সিতারা পারভীনের মৃত্যুর পর তার পরিবারের উদ্যোগে ২০০৬ সাল থেকে স্নাতকে ভালো ফলাফলকারী প্রথম ১০ জনকে এই পুরস্কার দেওয়া হচ্ছে। তবে একই ফলাফল একাধিক শিক্ষার্থীর হলে তখন পুরস্কারপ্রাপ্তদের সংখ্যাও বেড়ে যায়।

পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান বলেন, অধ্যাপক সিতারা পারভীন ছিলেন সৎ, আদর্শ ও নিষ্ঠাবান শিক্ষক এবং গবেষক। এ ধরনের বৃত্তি ও পুরস্কারকে শুধু পুরস্কার হিসেবে না দেখে শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি হিসেবে মূল্যায়ন করতে হবে। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের দেশ ও জাতির প্রতি দায়বদ্ধতা অনেক বেশি।

## The Daily Sun

# 10 DU students receive Sitara Parvin Award

Daily Sun Report, *Dhaka*

Ten students from the Department of Mass Communication and Journalism at Dhaka University (DU) have received the Prof Sitara Parvin Award 2024 for their outstanding academic performance.

The award-giving ceremony was held at Prof Mojaffar Ahmed Chowdhury Auditorium in the social sciences faculty building at 10am on Tuesday.

The awarded students are Farah Zaman Suchi, Usama Rafid, Tahsin Nawar, Md. Rafiz Khan, Hossain Ajmal, Mehedi Hasan, Md Tanzir Hossain, Nigar Sultana, Mehnaz Lamisa Rahman, and Nahida Sultana Saima.

# আলোকিত বাংলাদেশ



## অধ্যাপক খান সারওয়ার মুরশিদের জন্মশতবার্ষিকী উপলক্ষে স্মরণসভা

**আলোকিত ডেস্ক**

ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের প্রয়াত অধ্যাপক খান সারওয়ার মুরশিদ-এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে এক স্মরণসভা গতকাল মঙ্গলবার আরসি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে 'গেস্ট অব অনার' হিসেবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগ এই স্মরণসভার আয়োজন করে।

বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. জেরিন আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্মৃতিচারণ করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ও অধ্যাপক খান সারওয়ার মুরশিদের কন্যা শারমীন মুরশিদ এবং ড. তাজিন মুরশিদ। অনুষ্ঠানের শুরুতে সংগীত পরিবেশন করেন বিভাগীয় প্রভাষক মৌমিতা হক সেঁজুতি। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রয়াত অধ্যাপক খান সারওয়ার মুরশিদ-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, প্রকৃত অর্থেই তিনি বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন। একাধারে তিনি একজন শিক্ষাবিদ, প্রশাসক, কূটনীতিক, লেখক, অনুবাদক ও গুণী মানুষ ছিলেন। সামাজিক, রাজনৈতিক ও শিক্ষা খাতে বুদ্ধিবৃত্তিক অবদানের মাধ্যমে তিনি আমাদের জাতীয় জীবনে নানাভাবে প্রভাব ফেলেছেন।